




করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত গাজীপুর জেলা কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন।

শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুরের আরটি-পিসিআর (RT-PCR) ল্যাবের বায়োসেফটি কেবিনেটটি ২৮/০৬/২০২১ ইং তারিখে বিকল হওয়ার কারণে এই ল্যাবে করোনা টেস্ট করা সম্ভব হচ্ছিল না। জরুরী প্রয়োজন মোকাবেলার জন্য আমরা করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত গাজীপুর জেলা কমিটির সভাপতি জেলা প্রশাসক মহোদয়ের স্মরণাপন্ন হই। জেলা প্রশাসক, এস. এম. তরিকুল ইসলাম মহোদয় অত্যন্ত দ্রুততার সাথে একটি নতুন বায়োসেফটি কেবিনেট ল্যাবে হস্তান্তর করেন।

জেলা প্রশাসক মহোদয় ও করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত গাজীপুর জেলা কমিটির সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন করছি। আমরা ইনশাআল্লাহ ০৮/০৭/২০২১ তারিখ থেকে রোগীদের আরটি-পিসিআর (RT-PCR) পরীক্ষা পুনরায় শুরু করতে পারব।

করোনা রোগাক্রান্ত গাজীপুর বাসীর দ্রুত সেবা দেওয়ার ক্ষেত্রে আপনাদের এ মহতী উদ্যোগ অনেক বড় ভূমিকা রাখবে। আল্লাহ নিশ্চয় আপনাদের উত্তম কাজের উত্তম প্রতিফলন দেবেন।

গাজীপুরবাসীর করোনাকালীন সেবা, উন্নত ও আধুনিক সেবা নিশ্চিত করার জন্য আমরা ভবিষ্যতেও আপনাদের সহযোগিতা কামনা করছি।


০৭/০৭/২০২১

(অধ্যাপক ডাঃ মোঃ আবদুল কাদের)

অধ্যক্ষ

শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ
গাজীপুর।

ফোন-৪৯২৭৩২৫১, ফ্যাক্স-৪৯২৬১৪২৩

ই-মেইল-stamc@ac.dghs.gov.bd